



22130024



**BENGALI A: LITERATURE – STANDARD LEVEL – PAPER 2**  
**BENGALI A : LITTÉRATURE – NIVEAU MOYEN – ÉPREUVE 2**  
**BENGALÍ A: LITERATURA – NIVEL MEDIO – PRUEBA 2**

Monday 13 May 2013 (morning)

Lundi 13 mai 2013 (matin)

Lunes 13 de mayo de 2013 (mañana)

1 hour 30 minutes / 1 heure 30 minutes / 1 hora 30 minutos

**INSTRUCTIONS TO CANDIDATES**

- Do not open this examination paper until instructed to do so.
- Answer one essay question only. You must base your answer on at least two of the Part 3 works you have studied and compare and contrast these works in response to the question. Answers which are not based on a discussion of at least two Part 3 works will not score high marks.
- You are not permitted to bring copies of the works you have studied into the examination room.
- The maximum mark for this examination paper is *[25 marks]*.

**INSTRUCTIONS DESTINÉES AUX CANDIDATS**

- N'ouvrez pas cette épreuve avant d'y être autorisé(e).
- Traitez un seul sujet de composition. En basant votre réponse sur au moins deux des œuvres de la troisième partie que vous avez étudiées, vous devez comparer et opposer ces œuvres dans le cadre du sujet. Les réponses qui ne sont pas basées sur au moins deux des œuvres de la troisième partie n'obtiendront pas une note élevée.
- Vous n'êtes pas autorisé(e) à apporter des exemplaires des œuvres que vous avez étudiées dans la salle d'examen.
- Le nombre maximum de points pour cette épreuve d'examen est *[25 points]*.

**INSTRUCCIONES PARA LOS ALUMNOS**

- No abra esta prueba hasta que se lo autoricen.
- Conteste una sola pregunta de redacción. Base su respuesta en al menos dos de las obras estudiadas de la Parte 3, comparándolas y contrastándolas en relación con la pregunta. Las respuestas que no se basen en al menos dos obras de la Parte 3 no recibirán una puntuación alta.
- No está permitido traer copias de las obras estudiadas a la sala de examen.
- La puntuación máxima para esta prueba de examen es *[25 puntos]*.

যে কোন একটি প্রশ্নের উত্তর দিন। উত্তরটি আপনার পড়া তৃতীয় ভাগের **অন্ততঃপক্ষে দুটি** রচনার উপর ভিত্তি করে দিতেই হবে এবং উত্তরটি সেই রচনা দুটির **তুলনামূলক ও বিপরীতধর্মী** আলোচনার মাধ্যমে দিতে হবে। যদি উত্তর তৃতীয় অংশের **অন্ততঃপক্ষে দুটি** রচনার আলোচনার উপর ভিত্তি করে না দেওয়া হয়, তবে ভাল মার্কস পাওয়া যাবে না।

### কবিতা

1. তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি কবিতার বিশদ আলোচনা করে দেখাও সেখানে কবিরা কিভাবে তাঁদের ভাব প্রকাশ করার জন্য চিত্রকল্পকে (ইমেজারি) ব্যবহার করেছেন এবং তা কবিতার মূল বক্তব্য প্রকাশে কতটা সহায়তা করেছে?
2. কবিতায় বৈপরীত্য ও বিরোধীতার ব্যবহার কবিতার মূল বক্তব্যকে কতটা মনোগ্রাহী করে তুলতে সাহায্য করেছে তা তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি কবিতার পরিপ্রেক্ষিতে আলোচনা করে দেখাও।
3. তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি কবিতার বিশদ আলোচনার মাধ্যমে দেখাও যে, কিভাবে কাব্যিক পরিকাঠামো, বিশেষ করে লাইন ও পংক্তি (স্ট্যান্সা), ছন্দ (মিটার), ফাঁকা জায়গার (স্পেস) ব্যবহার ও যতিচিহ্নের (পাঙ্কচুয়েশন) ব্যবহার সামগ্রিকভাবে কবিতার অন্তর্নিহিত ভাবকে অর্থবহ করে তোলে।

### উপন্যাস

4. “অপ্রধান চরিত্রগুলি প্রায়ই উপন্যাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।” তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি উপন্যাসের উল্লেখ করে ব্যাখ্যা করে দেখাও কিভাবে অপ্রধান চরিত্রগুলি তাদের ব্যক্তিগত চরিত্রায়ন, মূল চরিত্রগুলির সাথে এবং নিজেদের মধ্যে তাদের ভাবের আদান প্রদান (ইন্টারঅ্যাকশন) ইত্যাদির মাধ্যমে এই বক্তব্যকে সমর্থন করে।
5. তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি উপন্যাসের আলোচনার মাধ্যমে দেখাও যে উপন্যাসের পটভূমিকা (ব্যাকগ্রাউন্ড) ও পরিপ্রেক্ষিত (সেটিং) কাহিনির ক্লাইম্যাক্সকে কিভাবে গড়ে তুলতে সাহায্য করে।
6. লেখক কিভাবে কথক বা ন্যারেটরের ভূমিকাকে তাঁর বক্তব্য পেশ করা ও কাহিনিকে উপস্থাপনার কাজে ব্যবহার করেন তা তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি উপন্যাসের প্রেক্ষিতে আলোচনা কর।

### ছোটগল্প

7. “ছোটগল্প প্রায়শই প্রবলভাবে রূপকধর্মী।” তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি ছোটগল্পের প্রেক্ষিতে আলোচনা করে দেখাও এই বক্তব্য কিভাবে এবং কতটা প্রযোজ্য।
8. তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি ছোটগল্পের বিশদ আলোচনা করে দেখাও সেখানে লেখকরা কিভাবে মানবিক আবেগ ও তার উদ্দেশ্যমূলক ব্যবহারকে (ম্যানিপুলেশন) কাহিনির মূল উপজীব্য করে তুলেছেন।
9. তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি ছোটগল্পের আলোচনার মাধ্যমে দেখাও উপসংহার সেখানে কিভাবে গল্পের অর্থকে ফুটিয়ে তুলতে করতে সাহায্য করেছে।

### প্রবন্ধ

10. প্রবন্ধকে কি সর্বদাই শিক্ষণধর্মী হতে হবে? তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি প্রবন্ধের প্রেক্ষিতে বিশদ আলোচনার মাধ্যমে এই প্রশ্নের যথাযথ উত্তর দাও।
11. প্রবন্ধকার কিভাবে বিশ্লেষণমূলক ও যুক্তিবাদী চেতনা প্রকাশের মাধ্যম হিসাবে প্রবন্ধকে সফলভাবে পাঠকের কাছে তুলে ধরেন তা তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি প্রবন্ধের আলোচনার মাধ্যমে দেখাও।
12. তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি প্রবন্ধে ব্যবহৃত বিশেষ প্রাবন্ধিক ভাষাশৈলী, বিশেষ করে শব্দ নির্বাচন (ডিকশন) ও বাক্যগঠন (সিনট্যাক্স) সম্পর্কে আলোচনা কর এবং বিচার করে দেখাও তা কিভাবে প্রবন্ধকারের বক্তব্যকে ফুটিয়ে তুলতে সাহায্য করেছে।